**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮০

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

**বিষয় : নারায়ণগঞ্জ জেলার গোপালদী পৌরসভার ০৭নং ওয়ার্ড কাউন্সিলর এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক আগামী **২০ অক্টোবর ২০২০** তারিখ **মঙ্গলবার** ভোটগ্রহণের দিন নির্ধারণ করত নিম্নবর্ণিত ছকের (৪) নং কলামে বর্ণিত পৌরসভার (৫) নং কলামে বর্ণিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

| ক্রম নং | জেলার নাম | উপজেলার নাম | পৌরসভার নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | নারায়ণগঞ্জ | আড়াইহাজার | গোপালদী | ৭নং ওয়ার্ড কাউন্সিলর পদে |

২। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন বর্ণিত শূন্য পদে উপ-নির্বাচন পরিচালনার নিমিত্তে জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ-কে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ-কে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন (সংলগ্নী-১)।

৩। **আপিল কর্তৃপক্ষ :** উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিষ্পত্তিকরণের লক্ষ্যে উক্ত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন অনুযায়ী জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

৪। **সময়সূচির বিজ্ঞপ্তি জারি :** উল্লিখিত পৌরসভার শূন্য পদে **২০ অক্টোবর ২০২০** তারিখে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপবিধি (৩) অনুসারে মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থীতা প্রত্যাহারের তারিখ ও ভোটগ্রহণের তারিখ নির্ধারণকরতঃ বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে। উক্ত নির্বাচনে ব্যালট পেপার নির্বাচনের দিন সকালে ভোটকেন্দ্রে পৌছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে। ভোটগ্রহণের সময়সীমা সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৫। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারীকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৬। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের পর দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উল্লেখ্য যে, বিভিন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে বরাদ্দ করার জন্য প্রতিকের তালিকা সম্বলিত একটি পুস্তিকা প্রণয়ন করে সকল জেলা নির্বাচন অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে।

৭। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন, মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণ/নিষ্পত্তি সংক্রান্ত দিনসহ উক্তরূপ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল-বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি ও প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল দায়ের,

C:\Users\EC\Desktop\Pourashava\By election\Poura By E. Letter.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি কার্যক্রম অফিস চলাকালীন এবং বন্ধের দিন হলে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৮। **অন্যান্য নির্দেশনা** : তাছাড়া **২০ অক্টোবর ২০২০ তারিখে** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র, নির্দেশনা এবং পরবর্তীতে সময় সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

**৯।** বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার গোপালদী পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

১৬/৯/২০২০

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮০

তারিখ: ১ আশ্বিন ১৪২৭ / ১৬ সেপ্টেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................ (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ................................................ (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারির অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
১৮. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
১৯. উপসচিব, ........................................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব...................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. উপজেলা নির্বাচন অফিসার, আড়াইহাজার ও সহকারী রিটার্নিং অফিসার

২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................................... (সংশ্লিষ্ট থানা)।

১৮/৯/২০২০

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

C:\Users\EC\Desktop\Pourashava\By election\Poura By E. Letter.doc

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮১

তারিখ: ১ আশ্বিন ১৪২৭ / ১৬ সেপ্টেম্বর ২০২০

## বিজ্ঞপ্তি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮১।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা নিম্নেবর্ণিত তফসিলের (৫)নং কলামে উল্লিখিত পৌরসভার (৫)নং কলামে বর্ণিত পদে উপনির্বাচন পরিচালনার নিমিত্তে (৬)নং ও (৭)নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছেন:

### তফসিল

| ক্রম | জেলা | উপজেলা | পৌরসভা | পদের নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | নারায়ণগঞ্জ | আড়াইহাজার | গোপালদী | ৭নং ওয়ার্ড কাউন্সিলর | জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ | উপজেলা নির্বাচন অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৫/৯/২০২০

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮১

তারিখ: ১ আশ্বিন ১৪২৭ / ১৬ সেপ্টেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

C:\Users\EC\Desktop\Pourashava\By election\Poura By E. Letter.doc

৪. সিনিয়র সচিব, ............................................ (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ............................................ (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারির অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
১৮. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
১৯. উপসচিব, ............................................................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. উপজেলা নির্বাহী অফিসার, ........................................... (সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব............................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার, আড়াইহাজার ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................................... (সংশ্লিষ্ট থানা)।

১৮/৮/2020

( মোহাম্মদ মোর্শেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com